গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়
কুমিল্লা
(সংস্থাপন শাখা)
www.comilla.gov.bd

স্মারক নম্বর- ০৫.২০.১৯০০.০০৭.২১.০০৮.২১-

তারিখ : ১৫ আষাঢ় ১৪২৮ / ২৯ জুন ২০২১

নিয়োগ বিজ্ঞপ্তি

জনপ্রশাসন মন্ত্রণালয়ের স্মারক নম্বর ০৫.০০.০০০০.১৬৬.১১.০০৪.১৬-৪৬, তারিখঃ ০৩/০২/২০২১ খ্রিষ্টাব্দ, স্মারক নম্বর ০৫.০০.০০০০.১৬৬.১১.০০৪.১৬-৯১, তারিখঃ ২৫/০৩/২০২১ খ্রিষ্টাব্দ, স্থানীয় সরকার মন্ত্রণালয়, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় স্থানীয় সরকার বিভাগের স্মারক নম্বর ৪৬.০৯৯.০১৯.০১.০০১.২০০৩(অংশ)-১৩৮, তারিখঃ ০১/০৪/২০২১ খ্রিষ্টাব্দ এবং বিভাগীয় নির্বাচনী বোর্ড, চট্টগ্রাম-এর স্মারক নম্বর ০৫.৪২.০০০০.০০৩.০৩.০০৪.২১-৬৯, তারিখ-০৩ জুন, ২০২১ খ্রিষ্টাব্দ মূলে জেলা প্রশাসকের কার্যালয়, কুমিল্লা এবং এর অধীন উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়সমূহ ও উপপরিচালক, স্থানীয় সরকার, কুমিল্লা কার্যালয়-এর সাধারণ বিভাগের নিম্নবর্ণিত শূন্য পদগুলো পূরণের নিমিত্ত জাতীয় বেতন স্কেল ২০১৫ মোতাবেক অস্থায়ী ভিত্তিতে জনবল নিয়োগের জন্য নিম্নোক্ত শর্তে কুমিল্লা জেলার স্থায়ী বাসিন্দাদের নিকট হতে নিম্নবর্ণিত শর্তসাপেক্ষে অনলাইনে (http:\\dccumilla.teletalk.com.bd ওয়েবসাইটে) দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

ক্রম	পদের নাম	পদের সংখ্যা	বেতনস্কেল (জাতীয় বেতন স্কেল ২০১৫ অনুযায়ী)	শিক্ষাগত যোগ্যতা ও অন্যান্য যোগ্যতা
০১.	সাঁটলিপিকার-কাম কম্পিউটার অপারেটর	০২ (দুই)টি	গ্রেড-১৩ স্কেল- ১১০০০-২৬৫৯০/-	ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে স্নাতক বা সমমানের ডিগ্রি; খ) ওয়ার্ড প্রসেসিং, স্প্রেডশিট প্রেজেন্টেশন এবং বেসিক কম্পিউটার ট্রাবলশুটিং-এ দক্ষতা ও কম্পিউটার হার্ডওয়্যার বিষয়ে বেসিক ধারণা থাকতে হবে। গ) সাঁটলিপিতে প্রতি মিনিটে গতি ন্যূনতম ইংরেজি ও বাংলায় যথাক্রমে ৮০ ও ৫০ শব্দ, কম্পিউটার কম্পোজে প্রতি মিনিটে বাংলায় ন্যূনতম ২৫ ও ইংরেজীতে ৩০ শব্দের গতি থাকতে হবে।
০২.	সাঁটমুদ্রাক্ষরিক-কাম কম্পিউটার অপারেটর	১০ (দশ)টি	গ্রেড-১৪ স্কেল- ১০২০০-২৪৬৮০/-	ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে স্নাতক বা সমমানের ডিগ্রি; খ) ওয়ার্ড প্রসেসিং, স্প্রেডশিট প্রেজেন্টেশন এবং বেসিক কম্পিউটার ট্রাবলশুটিং-এ দক্ষতা ও কম্পিউটার হার্ডওয়্যার বিষয়ে বেসিক ধারণা থাকতে হবে। গ) সাঁটলিপিতে প্রতি মিনিটে গতি ন্যূনতম ইংরেজি ও বাংলায় যথাক্রমে ৮০ ও ৫০ শব্দ, কম্পিউটার কম্পোজে প্রতি মিনিটে বাংলায় ন্যূনতম ২৫ ও ইংরেজিতে ৩০ শব্দের গতি থাকতে হবে।
০৩.	সার্টিফিকেট সহকারী	০৬ (ছয়)টি	গ্রেড-১৬ স্কেল- ৯৩০০-২২৪৯০/-	ক) কোনো স্বীকৃত বোর্ড হতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; খ) কম্পিউটার চালনায় অভিজ্ঞতা থাকতে হবে। গ) কম্পিউটার কম্পোজে প্রতি মিনিটে বাংলায় ন্যূনতম ২০ এবং ইংরেজিতে ২০ শব্দের গতি থাকতে হবে। ঘ) স্প্রেডশিট ও প্রেজেন্টেশন-এ দক্ষতা থাকতে হবে।
০৪.	হিসাব সহকারী	০১ (এক)টি	গ্রেড-১৬ স্কেল- ৯৩০০-২২৪৯০/-	ক) কোনো স্বীকৃত বোর্ড হতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; খ) কম্পিউটার চালনায় অভিজ্ঞতা থাকতে হবে। গ) কম্পিউটার কম্পোজে প্রতি মিনিটে বাংলায় ন্যূনতম ২০ এবং ইংরেজিতে ২০ শব্দের গতি থাকতে হবে। ঘ) স্প্রেডশিট ও প্রেজেন্টেশন-এ দক্ষতা থাকতে হবে।
০৫.	অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক (উপপরিচালক, স্থানীয় সরকার, কুমিল্লা কার্যালয়)	০২ (দুই)টি	গ্রেড-১৬ স্কেল- ৯৩০০-২২৪৯০/-	ক) কোনো স্বীকৃত বোর্ড হতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; খ) কম্পিউটার চালনায় অভিজ্ঞতা থাকতে হবে। গ) কম্পিউটার কম্পোজে প্রতি মিনিটে বাংলায় ন্যূনতম ২০ এবং ইংরেজিতে ২০ শব্দের গতি থাকতে হবে। ঘ) স্প্রেডশিট ও প্রেজেন্টেশন-এ দক্ষতা থাকতে হবে।

আবেদন ফরম পূরণ এবং পরীক্ষায় অংশগ্রহণের ক্ষেত্রে নিম্নবর্ণিত শর্তাবলি অবশ্যই অনুসরণ করতে হবে :

১। প্রার্থীর বয়সসীমা ০১/০৭/২০২১ খ্রিষ্টাব্দ তারিখে সাধারণ ১৮-৩০ বছরের মধ্যে হতে হবে। তবে বীর মুক্তিযোদ্ধা/ শহীদ বীর মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যা এবং প্রতিবন্ধী প্রার্থীদের ক্ষেত্রে সর্বোচ্চ বয়সসীমা ৩২ বছর পর্যন্ত শিথিলযোগ্য। বয়স প্রমাণের ক্ষেত্রে এফিডেভিট গ্রহণযোগ্য নয়।

২। এই নিয়োগ বিজ্ঞপ্তিতে বর্ণিত পদ পূরণে জেলাপ্রশাসক এবং উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ের কর্মচারী নিয়োগ বিধিমালা ২০২০ অনুসরণ করতে হবে।

৩। সরকারি, আধা সরকারি ও স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে কর্মরত প্রার্থীকে অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের অনাপত্তিপত্র দাখিল সাপেক্ষে আবেদন করতে হবে।

৪। আবেদনকারীকে তার সর্বশেষ অর্জিত শিক্ষাগত যোগ্যতার বিষয়টি আবেদনে উল্লেখ করতে হবে।

৫। নিয়োগের জন্য প্রার্থী নির্বাচনের ক্ষেত্রে নিয়োগ বিধি মতে লিখিত, ব্যবহারিক ও মৌখিক পরীক্ষা অনুষ্ঠিত হবে। লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীরাই কেবল মৌখিক ও ব্যবহারিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য বিবেচিত হবে।

৬। চাকরীর জন্য আবেদন অনলাইনে আগামী ০১/০৭/২০২১ তারিখ সকাল ১০:০০টা হতে ৩১/০৭/২০২১ তারিখ বিকাল ৫:০০টা পর্যন্ত দাখিল করা যাবে। অফিসে সরাসরি/ ডাকযোগে কোন দরখাস্ত গ্রহণ করা হবে না। সরাসরি বা ডাকযোগে প্রেরিত সকল দরখাস্ত বাতিল মর্মে গণ্য হবে।

৭। লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের মৌখিক পরীক্ষার সময় সকল সনদ/ অনাপত্তিপত্র/ কাগজপত্রাদির মূল কপি প্রদর্শনপূর্বক প্রতিটির ১টি করে সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে। দাখিল/ উপস্থাপনযোগ্য কাগজপত্রের তালিকা:

ক) সকল সনদ/প্রত্যয়ন/অনাপত্তিপত্র।

খ) কুমিল্লা জেলার স্থায়ী বাসিন্দা হিসেবে সিটি কর্পোরেশনের কাউন্সিলর/পৌরসভার মেয়র/ ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদ।

গ) জাতীয় পরিচয়পত্র/ জন্মনিবন্ধন সনদ।

ঘ) প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক নামযুক্ত সীল দ্বারা প্রদত্ত চারিত্রিক সনদপত্র।

ঙ) চাকুরীরত প্রার্থীদের ক্ষেত্রে যথাযথ কর্তৃপক্ষ প্রদত্ত অনাপত্তিপত্র।

চ) মুক্তিযোদ্ধা কোটায় আবেদনকারী (বীর মুক্তিযোদ্ধা ও শহীদ বীর মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা এবং বীর মুক্তিযোদ্ধা/শহীদ বীর মুক্তিযোদ্ধার পুত্র-কন্যাগণের পুত্র-কন্যা) প্রার্থীদের ক্ষেত্রে সরকারের সর্বশেষ নীতিমালা অনুযায়ী মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক প্রদত্ত মুক্তিযোদ্ধা সনদপত্র।

ছ) আবেদনকারী বীর মুক্তিযোদ্ধা ও শহীদ বীর মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা এবং বীর মুক্তিযোদ্ধা/শহীদ বীর মুক্তিযোদ্ধার পুত্র-কন্যাগণের পুত্র-কন্যা হলে আবেদনের সাথে সম্পর্ক উল্লেখপূর্বক ১ম শ্রেণির গেজেটেড কর্মকর্তা অথবা সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান বা পৌরসভার মেয়র বা সিটি কর্পোরেশনের কাউন্সিলর কর্তৃক প্রদত্ত প্রত্যয়নপত্র।

জ) অন্যান্য কোটা যেমন প্রতিবন্ধী কোটায় প্রার্থীদের ক্ষেত্রে যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত প্রত্যয়ন/সনদপত্র।

৮। নিয়োগের জন্য বাছাইকৃত প্রার্থীকে চূড়ান্ত নিয়োগ প্রদানের পূর্বে প্রার্থীর চারিত্রিক প্রতিপাদন সম্পাদন করা হবে।

৯। প্রার্থী কর্তৃক প্রদত্ত কোন তথ্য বা দাখিলকৃত কাগজপত্র জাল, মিথ্যা, ভুল বা ভুয়া প্রমাণিত হলে কিংবা পরীক্ষায় নকল বা অসদুপায় অবলম্বন করলে দরখাস্ত/নিয়োগ বাতিল বলে গণ্য হবে এবং সংশ্লিষ্ট ব্যক্তির বিরুদ্ধে যথাযথ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

১০। যদি কোন প্রার্থী বাংলাদেশের নাগরিক না হন কিংবা বাংলাদেশের নাগরিক নন এমন কোনো ব্যক্তিকে বিয়ে করেন বা বিয়ে করার জন্য প্রতিশ্রুতিবদ্ধ হন কিংবা কোন ফৌজদারি আদালত কর্তৃক নৈতিক স্খলনজনিত অভিযোগে দন্ডিত হন কিংবা কোন সরকারি বা স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান বা স্থানীয় কর্তৃপক্ষের চাকরী হতে বরখাস্ত হয়ে থাকেন তবে তিনি আবেদন করার জন্য যোগ্য বিবেচিত হবেন না।

১১। অনলাইন আবেদনপত্র পূরণ সংক্রান্ত নিয়মাবলি ও শর্তাবলি :

ক) পরীক্ষায় অংশগ্রহণে ইচ্ছুক ব্যক্তি http:\\dccumilla.teletalk.com.bd এই ওয়েবসাইটে আবেদনপত্র পূরণ করতে পারবেন। আবেদনের সময়সীমা নিম্নরূপ :

i) Online-এ আবেদনপত্র পূরণ ও আবেদন ফি জমাদান শুরুর তারিখ ও সময়: ০১/০৭/২০২১ সকাল ১০:০০টা।

ii) Online-এ আবেদনপত্র জমাদানের শেষ তারিখ ও সময়: ৩১/০৭/২০২১ বিকাল ৫:০০টা। উক্ত সময়সীমার মধ্যে USER ID প্রাপ্ত প্রার্থীগণ Online-এ আবেদনপত্র Submit-এর সময় থেকে পরবর্তী ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে Teletalk pre-paid mobile এসএমএস-এর মাধ্যমে পরীক্ষার ফি জমা দিতে পারবেন।

খ) Online- আবেদনপত্রে প্রার্থী তার স্বাক্ষর (দৈর্ঘ্য ৩০০ x প্রস্থ ৮০ pixel) ও রঙিন ছবি (দৈর্ঘ্য ৩০০ x প্রস্থ ৩০০ pixel) স্ক্যান করে নির্ধারিত স্থানে Upload করবেন।

গ) Online আবেদনপত্রে পূরণকৃত তথ্যই যেহেতু পরবর্তী সকল কার্যক্রমে ব্যবহৃত হবে, সেহেতু Online-আবেদনপত্র Submit করার পূর্বেই পূরণকৃত সকল তথ্যের শতভাগ সঠিকতা সম্পর্কে প্রার্থী নিজে নিশ্চিত হবেন।

ঘ) প্রার্থী Online-এ পূরণকৃত আবেদনপত্রের একটি রঙিন প্রিন্টকপি পরীক্ষা সংক্রান্ত যে কোন প্রয়োজনের সহায়ক হিসেবে সংরক্ষণ করবেন।

ঙ) SMS প্রেরণের নিয়মাবলী ও পরীক্ষার ফি প্রদান : Online-এ আবেদনপত্র (Application Form) যথাযথভাবে পূরণ করে নির্দেশনা মতে ছবি এবং স্বাক্ষর Upload করে আবেদনপত্র Submit করা সম্পন্ন হলে কম্পিউটারে ছবিসহ Application Preview দেখা যাবে। নির্ভুলভাবে আবেদনপত্র Submit করা সম্পন্ন প্রার্থী একটি User id, ছবি এবং স্বাক্ষরযুক্ত একটি Applicant's copy পাবেন। উক্ত Applicant's copy প্রার্থী ডাউনলোড পূর্বক রঙিন প্রিন্ট করে সংরক্ষণ করবেন। Applicant's copy-তে একটি User ID নম্বর ব্যবহার করে প্রার্থী নিম্নোক্ত পদ্ধতিতে যে কোন Teletalk pre-paid mobile নম্বর এর মাধ্যমে ০২ (দুইটি) SMS করে আবেদন ফি ১০০/- টাকা + teletalk এর সার্ভিস চার্জ ২২/- টাকাসহ অফেরতযোগ্য সর্বমোট ১২২/- টাকা অনধিক ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে জমা দিবেন। এখানে বিশেষভাবে উল্লেখ্য যে, "Online-এ আবেদনপত্রের সকল অংশ পূরণ করে Submit করা হলেও পরীক্ষার ফি জমা না দেয়া পর্যন্ত Online-আবেদনপত্র কোন অবস্থাতেই গৃহীত হবে না"।

প্রথম SMS: DCCUMILLA <space> User ID লিখে Send করতে হবে 16222 নম্বরে।
Example: DCCUMILLA ABCDEF
Reply: Applicant's Name, Tk.112 Will be charged as application fee. Your PIN is 12345678. To pay fee Type DCCUMILLA Yes PIN and send to 16222.

দ্বিতীয় SMS DCCUMILLA <space> Yes <space> PIN লিখে Send করতে হবে 16222 নম্বরে।
Example: DCCUMILLA YES 12345678
Reply : Congratulations Applicant's Name, payment completed sucessfully for DCCUMILLA Application for post xxxxxxxx User ID is (ABCDEF) and Password (xxxxxxxx)

চ) প্রবেশপত্র প্রাপ্তির বিষয়টি http:\\dccumilla.teletalk.com.bd ওয়েবসাইটে এবং প্রার্থীর মোবাইল ফোনে SMS-এর মাধ্যমে (শুধুমাত্র যোগ্য প্রার্থীদেরকে) যথাসময়ে জানানো হবে। Online আবেদনপত্রে প্রার্থীর প্রদত্ত মোবাইল ফোনে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় যোগাযোগ সম্পন্ন করা হবে বিধায় উক্ত নম্বরটি সার্বক্ষণিক সচল রাখা, SMS পড়া এবং প্রাপ্ত নির্দেশনা তাৎক্ষণিকভাবে অনুসরণ করা বাঞ্ছনীয়।

ছ) SMS-এ প্রেরিত User ID এবং Password ব্যবহার করে পরবর্তীতে রোল নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময় ও স্থানের /কেন্দ্রের নাম ইত্যাদি তথ্য সম্বলিত প্রবেশপত্র প্রার্থী Download পূর্বক রঙিন প্রিন্ট করে নিবেন। প্রার্থী প্রবেশপত্রটি লিখিত পরীক্ষায় অংশগ্রহণের সময়ে এবং উত্তীর্ণ হলে মৌখিক পরীক্ষার সময় অবশ্যই প্রদর্শন করবেন।

জ) শুধুমাত্র Teletalk pre-paid মোবাইল ফোন থেকে প্রার্থীগণ নিম্নবর্ণিত SMS পদ্ধতি অনুসরণ করে নিজ নিজ User ID এবং Password পুনরুদ্ধার করতে পারবেন।

i) User ID জানা থাকলে: DCCUMILLA Help User ID & Send to 16222
Example: DCCUMILLA Help 12345678 Send to 16222

ii) PIN Number জানা থাকলে: DCCUMILLA Help PIN No & Send to 16222
Example: DCCUMILLA Help PIN 123456678 Send to 16222

ঝ) অনলাইনে আবেদন এবং টাকা জমার কাজটি প্রার্থী নিজে করবেন। এক্ষেত্রে কোন ক্লেক্সিলোডের অথবা কম্পিউটার দোকানদার থেকে উক্ত কাজটি সম্পন্ন করে প্রার্থী প্রতারিত হলে কর্তৃপক্ষ দায়ী থাকবে না।

ঞ) অনলাইনে আবেদন করতে কোন সমস্যা হলে টেলিটক নম্বর থেকে ১২১ নম্বর অথবা vas.quary@teletalk.com.bd বা dccomilla@mopa.gov.bd ই-মেইলে যোগাযোগ করা যাবে।

১২। অসত্য/ত্রুটিপূর্ণ/ অসম্পূর্ণ আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে। প্রার্থী কর্তৃক প্রদত্ত কোন তথ্য নিয়োগ কার্যক্রমের যে কোন পর্যায়ের বা নিয়োগ প্রদানের পরেও অসত্য/ত্রুটিপূর্ণ/ ভুয়া প্রমাণিত হলে তা দরখাস্ত/নির্বাচন/নিয়োগ সরাসরি বাতিল বলে গণ্য হবে।

১৩। নিয়োগ পরীক্ষার তারিখ, সময় ও অন্যান্য তথ্য www.comilla.gov.bd ওয়েবসাইট হতে জানা যাবে।

১৪। আবেদনকারীকে লিখিত, ব্যবহারিক ও মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

১৫। বিজ্ঞাপনে উল্লিখিত পদ/ পদসমূহের চূড়ান্ত সুপারিশ প্রণয়নের ক্ষেত্রে সরকারের সর্বশেষ কোটানীতি অনুসরণ করা হবে।

১৬। কেবলমাত্র একটি পদের জন্য আবেদন করা যাবে। একাধিক পদের বিপরীতে আবেদন করলে আবেদনসমূহ বাতিল বলে গণ্য হবে। নিয়োগ পরীক্ষা একই তারিখ ও সময়ে অনুষ্ঠিত হবে বিধায় একটি পদের বিপরীতে নিয়োগ পরীক্ষায় অংশগ্রহণ করা যাবে।

১৭। আবেদনপত্র গ্রহণ ও বাতিল করার ক্ষেত্রে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে। কোন প্রকার তদবির প্রার্থীর অযোগ্যতা প্রমাণে ভূমিকা রাখবে।

১৮। নিয়োগকারী কর্তৃপক্ষ বিজ্ঞপ্তিতে উল্লিখিত পদের সংখ্যা হ্রাস/বৃদ্ধি, বিজ্ঞপ্তিতে বর্ণিত কোন শর্ত বা অনুচ্ছেদ সংশোধন/পরিবর্তন/পরিমার্জন বা বিজ্ঞপ্তি বাতিল করার অধিকার সংরক্ষণ করেন।

মোহাম্মদ কামরুল হাসান
জেলা প্রশাসক
কুমিল্লা
ফোন-০৮১-৬০৩০১
dccomilla@mopa.gov.bd

ডিজি-১৩৬৯/২১ (২৫×৪)